গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় ঃ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ ঃ ২৮/০২/২০২২ খ্রিঃ।
সময় ঃ বেলা-১১.০০ টা।
স্থান ঃ কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি ঃ কৃষ্ণপদ ঘোষ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচী মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি নবাগত উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০২। সভায় বিগত জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা ঃ বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য (ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল ভালোভাবে পড়ে তাদের দায়িত্ব সম্পর্কে জানার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্য সূচী মোতাবেক আলোচনা করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি খাতের প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। প্রথম কিস্তির বরাদ্দকে চারগুন করে সম্ভাব্য প্রাপ্তি ধরে প্রকল্প গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করায় ইউপি হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। তিনি প্রকল্পগুলি সভায় উপস্থাপন পূর্বক পাঠ করে শুনান। উপস্থাপিত এবং পঠিত প্রকল্পের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।	বিস্তারিত আলোচনান্তে এডিপি-এর অর্থায়নে ২০২১-২০২২ অর্থ বছরে নিম্নলিখিত প্রকল্পসমূহ টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া
	২০২১-২০২২ অর্থ বছরে এডিপি-এর বরাদ্দ দ্বারা টেন্ডারের মাধ্যমে বাস্তবায় যোগ্য এবং অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত প্রকল্পের তালিকা নিম্নরুপ ঃ ১। বনগ্রাম উত্তরপাড়া ইউসুফের বাড়ীর পার্শ্ব হতে বিল অভিমুখী রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন- বরাদ্দ- ১,০০,০০০/- ২। ফুলদাহ RHD হতে ফকির বাড়ী অভিমুখী রাস্তা CC দ্বারা উন্নয়ন- বরাদ্দ-২,০০,০০০/- ৩। পহরডাঙ্গা আবু শেখ এর বাড়ীর পার্শ্বে রাস্তায় একটি U কালভার্ট নির্মাণ- বরাদ্দ-২,০০,০০০/- ২০২১-২০২২ অর্থ বছরে টেন্ডারের মাধ্যমে নড়াগাতী বাজার পুকুর ঘাটে ঘাটলা নির্মাণ এর সাইট পরিবর্তন পূর্বক ঘাটে ঘাটলা নির্মাণ প্রকল্প বাস্তবায়ন হবে মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।		
	উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি খাতের প্রথম কিস্তির বরাদ্দের বিপরীতে গৃহীত ও অনুমোদিত প্রকল্প সমূহ টেন্ডার কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদারকে কার্যাদেশও প্রদান করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান। এ ছাড়া চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় বলেন যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা পরিষদের বাসাবাড়ী এবং বিভিন্ন অফিস ভবন মেরামত/ সংস্কার করা একান্ত আবশ্যক। তিনি বলেন এক অর্থ বছরে এখাতে সর্বোচ্চ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা ব্যয় করার বিধান রয়েছে। তিনি উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়াকে এ সংক্রান্ত প্রকল্প সমূহ সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করেন। উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রকল্পের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ২০২১-২০২২ অর্থ বছরে বাসাবাড়ী ও বিভিন্ন অফিস মেরামত/ সংস্কার খাতে নিম্নলিখিত প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া
	২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায় যোগ্য এবং অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত প্রকল্পের তালিকা নিম্নরুপ ঃ ১। উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে ব্যবহারের জন্য একটি কম্পিউটার, স্ক্যানার , প্রিন্টার ক্রয়, একটি টেবিল, ২টি চেয়ার, হলরুমের ডায়াস		

24/02/2022

	নির্মান ও সিসি ক্যামেরা মেরামত- বরাদ্দ = ২,০০,০০০/- ২। উপজেলা ইউটিডিসি ভবন মেরামত (পার্ট- ১) বরাদ্দ = ২,০০,০০০/- ৩। উপজেলা ইউটিডিসি ভবন মেরামত (পার্ট- ২) বরাদ্দ = ২,০০,০০০/- ৪। উপজেলা ইউটিডিসি ভবন মেরামত (পার্ট- ৩) বরাদ্দ = ২,০০,০০০/- ৫। উপজেলা ইউটিডিসি ভবন মেরামত ও উপজেলা যুব উন্নয়ন অফিস মেরামত (পার্ট- ৪) বরাদ্দ = ২,০০,০০০/-		
ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল।	ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি সভাকে জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী মহোদয় গত ৫ জুন ২০২১ তারিখে বৃক্ষরোপন করে বৃক্ষরোপন অভিযানের শুভ উদ্ভোধন ঘোষনা করেছেন। তিনি বৃক্ষরোপনকালে সোনালু, আমড়া, ডাম, ও ডুমুর বৃক্ষের চারা রোপনের অভিপ্রিয় ব্যক্ত করেন। তিনি সভায় আরো জানান যে, চলতি মৌসুমে মাননীয় সংসদ মহোদয়ের তত্ত্বাবধানে সংসদীয় ১নং আসনে ৫০০০ চারা রোপনের প্রস্তুতি চলমান আছে। এ ছাড়া চলতি মৌসুমে প্রতিবছরের ন্যায় প্রতিটি চারা ০৯টাকা হারে বিক্রয়ের নিমিত্ত পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করা হচ্ছে মর্মে তিনি সভাবে অবহিত করেন। সৃজিত বাগান এলাকায় টহল কাজ ও দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে মর্মেও তিনি সভাকে অবহিত করেন। এ ছাড়া এ উপজেলার অবৈধ করাতকল সমূহ উচ্ছেদের বিষয়ে মোবাইল কোর্টের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব উপস্থাপন করেন।	বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজের বিষয়ে আরো গতিশীলতা আনয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল।
প্রকল্প বাস্তবায়ন অফিস	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২১০-২২ অর্থ বছরে টিআর, কাবিখা, কাবিটা, ৪০দিনের কর্মসৃজন কর্মসূচীর আওতায় কোন বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। সভায় উপস্থাপনযোগ্য আর কোন আলোচ্য বিষয় নেই।	বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজের বিষয়ে আরো গতিশীলতা আনয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, সমন্বিত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য একটি কৃষি সেড নির্মাণ করার জন্য মন্ত্রণালয় থেকে উপজেলা পরিষদের অভ্যন্তরে জমি বরাদ্দ পাওয়ার জন্য পত্র প্রদান করেছেন। তিনি পত্রটি সভায় উপস্থাপন পূর্বক পাঠ করে শুনান। তিনি জানান যে, কৃষি সেড নির্মাণের জন্য ১২০০ স্কয়ারফুট জায়গার প্রয়োজন হবে। এ ছাড়া তিনি আরো জানান যে, বাবরা হাচলা ইউপিতে এবং সালামাবাদ ইউপিতে বিদ্যমান বন্যা নিয়ন্ত্রণ বাধে পাটল ধরেছে। যে কোন মুহূর্তে বাধ দুটি ভেঙ্গে বিস্তূর্ণ এলাকা বন্যা কবলিত হতে পারে। এ কারণে তিনি বাধ দুটি পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে মেরামতের প্রস্তাব প্রেরণ করার জন্য সভাকে অনুরোধ করেন। ইতোমধ্যে সালামাবাদ ইউপি চেয়ারম্যান ব্যক্তিগত উদ্যোগে বন্যা নিয়ন্ত্রণ রিং বাধ নির্মাণ করায় সভার পক্ষ হতে সালামাবাদ ইউপি চেয়ারম্যানকে ধন্যবাদ জানানো হয়। তিনি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। মাসিক সভায় উপস্থাপন যোগ্য কোন আলোচ্য বিষয় নেই। বর্তমান মৌসুমে এ উপজেলায় কোন সারের সংকট নেই এবং আগামী ২/১ মাসের মধ্যে সারের সংকট হওয়ার কোন সম্ভাবনাও নেই। তিনি আরো বলেন যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস মোকাবেলায় কৃষি বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী সরকারের বিভিন্ন নির্দেশনা প্রতিপালন করেছেন এবং সাধারণ জনগন যাতে স্বাস্থ্যবিধি মেনে চলেন সে বিষয়ে গুরুত্বেও সাথে কাজ করেছেন। ভবিষ্যতেও সরকারের যে কোন ধরণের সিদ্ধান্ত মাঠ পর্যায়ে প্রতিপালনে গ্রণী ভূমিকা পালন অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক।	১। বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। ২। উপজেলা পরিষদের মাষ্টারপ্লান মোতাবেক কোন অব্যবহৃত ফাঁকা জায়গা না থাকায় কৃষি বিভাগের কৃষি সেড নির্মাণের জন্য কোন জমি বরাদ্দ প্রদান করা সম্ভব নয় মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল।
উপজেলা পরিবার পরিকল্পনা অফিস	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেছে। চীরেই বরাদ্দ পাওয়া যাবে। বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। তিনি জানান যে, বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিস যথাযথভাবে প্রতিপালন করছেন এবং মানুষকে নিরলসভাবে সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রেখেছেন যা অব্যাহত আছে ও থাকবে। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক।	বিস্তারিত আলোচনান্তে , বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিসকে যথাযথভাবে প্রতিপালনের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
উপজেলা শিক্ষা অফিস	উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা অনুসরণ করে কালিয়া উপজেলার প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষার্থীদের হাতে নতুন বছরের বই তুলে দেয়া হয়েছে। এ ক্ষেত্রে সকল প্রকার স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয়েছে। এ ছাড়া বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস-এর কারণে বর্তমানে প্রাথমিক বিদ্যালয় সমূহ বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা/ পাঠ বিমুখ না হয়ে পড়ে সে দিকে লক্ষ্য রেখে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করার প্রচেষ্টা রয়েছে। এ ছাড়া ক্লাস্টার ভিত্তিক শিক্ষকবৃন্দ স্ব স্ব	বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সচল রাখার জন্য অনলাইন শিক্ষা কার্যক্রম পুরোদমে চালু করাসহ শিক্ষকবৃন্দ স্ব স্ব ক্লাস্টার এলাকার অভিভাবকদের সাথে মোবাইলের মাধ্যমে শিক্ষার্থীদের লেখাপড়ার খোজ-খবর নেয়ার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল।

২৮/০২/২০২২